# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ ৪. জালিয়াতি প্রতিরোধে মুসলিম উম্মাহ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. ৭. নিরীক্ষার ভিত্তিতে হাদীসের প্রকারভেদ

নিরীক্ষার ভিত্তিতে মুহাদ্দিসগণ হাদীসকে মূলত তিনভাগে ভাগ করেছেন: সহীহ বা বিশুদ্ধ, হাসান বা মোটামুটি গ্রহণযোগ্য ও যয়ীফ বা দুর্বল। যয়ীফ হাদীস দুর্বলতার কারণ ও পর্যায়ের ভিত্তিতে বিভিন্নভাগে বিভক্ত।

এখানে সাধারণ পাঠকের অনুধাবনের জন্য সহজ ব্যাখ্যার চেষ্টা করব। মনে করুন একজন বিচারক একজন হত্যার অভিযোগে অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আনীত সাক্ষ্য প্রমাণাদি নিরীক্ষা করলেন। তাঁর বিরুদ্ধে অভিযোগ যে, সে পূর্ব পরিকল্পিতভাবে ঠান্ডা মাথায় এক ব্যক্তিকে খুন করেছে। প্রদত্ত সাক্ষ্য-প্রমাণাদির ভিত্তিতে তিনি সাম্ভাব্য ৪ প্রকার রায় প্রদান করতে পারেন: ১. মৃত্যুদন্ড, ২. যাবজ্জীবন কারাদন্ড, ৩. কয়েক বছরের কারাদন্ড বা ৪. বেকসুর খালাস। মোটামুটিভাবে হাদীসের নির্ভরতার ক্ষেত্রেও এ পর্যায়গুলো রয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4618

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন